

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১২৯২
আগরতলা, ১৭ জুলাই, ২০১৭

উচ্চমাধ্যমিকের সাপ্লিমেন্টারি
পরীক্ষা ২২ জুলাই

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে ২০১৭ সালের উচ্চমাধ্যমিকের বিজ্ঞান, কলা ও বাণিজ্য শাখার সাপ্লিমেন্টারি পরীক্ষা পূর্বঘোষিত ২২ জুলাই (শনিবার) অনুষ্ঠিত হবে। যে সব পরীক্ষার্থীর মূল মার্কশিট বা রিভিউ পরবর্তী মার্কশিটে "supple" লেখা আছে তারাই সাপ্লিমেন্টারি পরীক্ষায় বসার সুযোগ নিতে পারে। সাপ্লিমেন্টারি পরীক্ষায় বসতে আগ্রহী পরীক্ষার্থীদের প্রেসক্রাইব ফর্মে আবেদন করতে হবে। ফর্ম নিজ নিজ বিদ্যালয়ে, পর্ষদের ওয়েবসাইটে (www.tbse.in) বা পর্ষদ অফিসে পাওয়া যাবে। পরীক্ষার্থীদের দ্বারা পূরণ করা ফর্ম এবং ব্যাঙ্কে ১৩০ টাকা ফি জমা দেওয়ার প্রামাণ্য ব্যাঙ্ক চালান সংশ্লিষ্ট বিদ্যালয় প্রধান মারফৎ ২০ জুলাই, ২০১৭ বিকাল ৩টা পর্যন্ত বোর্ডের হায়ার সেকেন্ডারি সেকশনে জমা নেওয়া হবে। রাজ্যের আটটি জেলার আটটি বিদ্যালয়ে সাপ্লিমেন্টারি পরীক্ষা নেওয়া হবে। যে কোন জেলার সাপ্লিমেন্টারি পরীক্ষার্থীদের সেই জেলার জন্য নির্দিষ্ট কেন্দ্রেই পরীক্ষা দিতে হবে।

উত্তর ত্রিপুরা জেলার পরীক্ষা সেন্টার ধর্মনগর বালিকা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, উনকোটি জেলার পরীক্ষা সেন্টার আর কে ইনষ্টিটিউশন- কৈলাশহর, ধলাই জেলার পরীক্ষা সেন্টার চন্দ্রাইপাড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, গোমতী জেলার পরীক্ষা সেন্টার কে বি ইনষ্টিটিউশন- উদয়পুর, দক্ষিণ জেলার পরীক্ষা সেন্টার শান্তিরবাজার দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, সিপাহীজলা জেলার পরীক্ষা সেন্টার বিশালগড় দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, খোয়াই জেলার পরীক্ষা সেন্টার খোয়াই সরকারী দ্বাদশ শ্রেণী বিদ্যালয় এবং পশ্চিম জেলার পরীক্ষা সেন্টার মহারানী তুলসীবতী বালিকা বিদ্যালয়ে। পরীক্ষার্থীরা তাদের এডমিট কার্ড সংশ্লিষ্ট পরীক্ষাকেন্দ্রের প্রধানদের কাছ থেকে ২১ জুলাই থেকে পাবে। পরীক্ষা দুপুর বারোটায় শুরু হবে। পরীক্ষার্থীদের অন্তত এক ঘন্টা আগে পরীক্ষা কেন্দ্র প্রধানদের সঙ্গে যোগাযোগ করতে পর্ষদের পক্ষ থেকে বলা হয়েছে।
